



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
অপারেশন ও সমন্বয় শাখা



...

সভাপতি	মঈনউদ্দিন আহম্মেদ পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	১৫ জুন ২০২১
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	৪র্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বৈশ্লেষিক রসায়ন শাখা এবং প্রকৌশল ও নগর ভূতত্ত্ব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে অধিদপ্তরের আভ্যন্তরীণ সেবাগ্রহীতা/অংশীজনদের এক অবহিতকরণ সভা পরিচালক (অপারেশন ও সমন্বয়) এর সভাপতিত্বে ১৫ জুন ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অধিদপ্তরের ৪র্থ তলার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, জিএসবি'র ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ১.৪.১ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের সঙ্গে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় উল্লেখ রয়েছে।

এ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতি বৈশ্লেষিক রসায়ন শাখা এবং নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাদের শাখার অধীনস্থ পরীক্ষাগার হতে প্রদানকৃত সেবার বিষয়ে আলোকপাতের অনুরোধ জানান। বৈশ্লেষিক রসায়ন পরীক্ষাগারে বিদ্যমান বিশেষায়িত অত্যাধুনিক যন্ত্র যেমন- **Atomic Absorption Spectrophotometer, ICP-OES, UV Spectrophotometer, Bomb Calorimeter, Ion Chromatograph, Microwave Digestion System, High Temperature Furnace** ইত্যাদি ব্যবহারের মাধ্যমে জিএসবি'র বহিরঙ্গনকালে সংগৃহীত বিভিন্ন শিলা, পলল, পানি ও খনিজ নমুনার নিয়মতান্ত্রিক রাসায়নিক বিশ্লেষণ ও খনিজ সম্পদের রাসায়নিক সংযুক্তি নির্ণয় করা হয় মর্মে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন। ইতোপূর্বে কয়েকটি যন্ত্র বিভিন্ন কারণে কর্মক্ষম না থাকায় নমুনা পরীক্ষায় কিছুটা বিলম্ব হয়েছে। সম্প্রতি কিছু যন্ত্র সারাই হবার কারণে শীঘ্রই সকল পরীক্ষা সমাপ্ত করে ফলাফল প্রদান সম্ভব হবে।

নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখার প্রকৌশল ভূতত্ত্ব পরীক্ষাগার হতে নমুনার গ্রেইন সাইজ বিশ্লেষণ, হাইড্রোমিটার টেস্ট, অ্যাটারবার্গ লিমিট টেস্ট, ময়েসচার কনটেন্ট টেস্ট এবং আপেক্ষিক গুরুত্ব ইত্যাদি নির্ণয় করার সুযোগ রয়েছে মর্মে নগর ও প্রকৌশল শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

করেন।



মঈনউদ্দিন আহম্মেদ  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.২৯

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জিএসবি'র পরিচালকবৃন্দ
- ২) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ



মোহাম্মদ আলমগীর কবীর  
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১